# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**10-06-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) নির্বাচিত প্রধানমন্ত্রী পদে একটানা দীর্ঘ সময় দায়িত্বভার পালনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে কেন্দ্রীয় মন্ত্রিসভায় আজ একটি প্রস্তাব পাশ হয়েছে।

২) দেশের প্রধানমন্ত্রী পদে একটানা সর্বোচ্চ সময় আসীন থাকায় রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। অভিনন্দন বার্তা এসেছে দেশ বিদেশ থেকেও।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নিরবচ্ছিন্নভাবে ভারতের দীর্ঘতম সময় ধরে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রীর মাইলফলক স্পর্শ করেছেন।

৩) পশ্চিমবঙ্গ সরকার মন্ত্রীদের দপ্তর বন্টন করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক, ভূমি ও ভূমি সংস্কার, ত্রাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ,তথ্য ও সংস্কৃতি, কর্মীবর্গ প্রশাসনিক সংস্কার দপ্তর নিজের হাতে রেখেছেন।

৪) কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন, দেশে সিএনজির কোনো ঘাটতি নেই।

৫) আফগানিস্তানের কুনার, খোস্ত ও পাকতিকা প্রদেশে পাক সেনার আকাশপথে চালানো হামলায় কমপক্ষে ১৩ জনের মৃত্যু হয়েছে।

৬) নাসা, তাদের পরবর্তী আর্টেমিস থ্রী অভিযানের জন্য তিন মার্কিন এবং এক ইতালীয় নভোশ্চরের নাম ঘোষনা করেছে।

---

নির্বাচিত প্রধানমন্ত্রী পদে একটানা দীর্ঘ সময় দায়িত্বভার পালনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে কেন্দ্রীয় মন্ত্রিসভায় আজ একটি প্রস্তাব পাশ হয়েছে। জাতীয় রাজধানীতে আজ মন্ত্রিসভার বৈঠকে সদস্যরা প্রধানমন্ত্রী মোদীকে উঠে দাঁড়িয়ে অভিবাদন জানান।

---

দেশের প্রধানমন্ত্রী পদে একটানা সর্বোচ্চ সময় আসীন থাকায় রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমের বার্তায় রাষ্ট্রপতি বলেন, এই মুহুর্ত, নরেন্দ্র মোদীর নেতৃত্বের প্রতি দেশবাসীর আস্থা ও আত্মবিশ্বাসের প্রতীক। শ্রী মোদীর কার্যকালে সামাজিক রূপান্তর, অর্থনৈতিক স্থিতিশীলতা এবং সুপ্রশাসন প্রতিষ্ঠিত হয়েছে। সরকারের গৃহীত কল্যাণমূলক প্রকল্পে সমাজের সর্বস্তরের অন্তর্ভুক্তি সুনিশ্চিত হয়েছে। উপকৃত হয়েছেন সমাজের তৃণমূল স্তরের মানুষ। শ্রী মোদীর নেওতৃত্বে গৃহীত  পি এম জনমন এবং ধরতী আবা জন জাতীয় গ্রাম উতকর্ষ অভিযান, তাঁর হৃদয়ে বিশেষ স্থান করে নিয়েছে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণানও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এই উপলক্ষ্যে অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমের বার্তায় তিনি বলেন, এই ঐতিহাসিক মাইলফলক শুধুমাত্র দপ্তরের কার্যকাল নয়, বরং দেশের বিকাশ যাত্রার এক রূপান্তরমূলক অধ্যায়। এই সময়কালে অর্থনৈতিক বিকাশ ও পরিকাঠামো ক্ষেত্রে দেশ

একাধিক উন্নয়নের সাক্ষী হয়েছে, প্রত্যক্ষ করেছে প্রযুক্তিগত অগ্রগতিও। দেশের ঐতিহ্য, বিস্মৃত হয়ে যাওয়া বীর সেনানি সহ সাংস্কৃতিক রীতিনীতিকে শ্রী মোদী মানুষের মনে আলাদা স্থান করে দিয়েছেন বলে উপরাষ্ট্রপতি উল্লেখ করেন।

--------------------

কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, ডক্টর এস জয়শঙ্কর, পীযূষ গোয়েল, নির্মলা সীতারামন এবং শিবরাজ সিং চৌহান সহ অন্যান্য মন্ত্রীরা দেশের দীর্ঘতম সময় ধরে নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রী হওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে শুভেচ্ছা জানিয়েছেন।

--------------------

বিশ্বনেতারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তার এই অর্জনের জন্য অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর যুগান্তকারী শাসনব্যবস্থা, দক্ষিণী বিশ্বের পক্ষে তাঁর বলিষ্ঠ অবস্থান এবং একটি অন্তর্ভুক্তিমূলক ও অর্থনৈতিকভাবে গতিশীল ভারত গড়ে তুলতে তাঁর দূরদর্শী চিন্তাধারার ভূয়সী প্রশংসা করেছেন।

শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিসানায়েকে এক চিঠিতে বলেছেন, শ্রী মোদীর দূরদর্শী পরিকল্পনা ভারতের সীমানা ছাড়িয়ে শ্রীলঙ্কাসহ অনেক দেশকেই অনুপ্রাণিত করেছে।

পাপুয়া নিউ গিনির প্রধানমন্ত্রী জেমস মারাপে এক ব্যক্তিগত ভিডিও বার্তায় শ্রী মোদীকে নেতৃত্বের এক আদর্শ ও উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে অভিহিত করেছেন।

ত্রিনিদাদ ও টোবাগোর প্রধানমন্ত্রী কমলা প্রসাদ-বিসেসার বলেছেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে ভারত আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে নেতৃত্বদানের ভূমিকায় নিজেকে প্রতিষ্ঠিত করেছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতের দীর্ঘতম সময় ধরে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রীর মাইলফলক স্পর্শ করলেন। ২০১৪ সালের ২৬শে মে তিনি প্রধানমন্ত্রী হিসেবে পদ ও মন্ত্রগুপ্তির শপথ গ্রহণ করেন। তিনি পণ্ডিত জওহরলাল নেহরুর রেকর্ড অতিক্রম করলেন। নেহরু ১৯৫২ সালের ১৩ মে প্রথমবার নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন এবং ১৯৬৪ সালের ২৭ মে পর্যন্ত দায়িত্ব পালন করেছিলেন। নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে পণ্ডিত নেহরুর মোট কার্যকাল ছিল ৪ হাজার ৩ শো আটানব্বই দিন। ২০১৪ সালের ২৬ মে থেকে আজ ১০ জুন পর্যন্ত প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদীর নিরবচ্ছিন্ন কার্যকাল চার হাজার তিনশো নিরানব্বই দিনে পড়ল, ফলে তিনি ভারতের ইতিহাসে দীর্ঘতম সময় ধরে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রীর পরিচিতি অর্জন করলেন।

--------------------

কেন্দ্রে নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষে দেশব্যাপী প্রচার অভিযানের অংশ হিসেবে, ভারতীয় জনতা পার্টি আজ উত্তর প্রদেশের ৪০৩টি বিধানসভা কেন্দ্রের মন্দিরগুলিতে বিশেষ প্রার্থনার আয়োজন করেছে। দলের নেতা ও কর্মীরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করবেন।

--------------------

**কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বইষন আজ নতুন দিল্লিতে একটি মন্দিরে,** দীর্ঘতম সময় ধরে নিরবছিন্ন ভাবে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদির কল্যানার্থে মন্দিরে পূজা ও প্রার্থনা করেন। এর পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি জানান , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতিকে একটি উন্নত , দক্ষতা সম্পন্ন , সংযমি, নির্ধারিত লক্ষেনিয়ে যেতে বদ্ধপরিকর ভুমিকা পালন করছেন।

বাইট

---------------------

একটানা সর্বোচ্চ সময় প্রধানমন্ত্রী পদে নরেন্দ্র মোদীর দায়িত্বভার পালনের জন্য বিজেপির সর্বভারতীয় নীতিন নবীন এবং দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা নতুন দিল্লীর একটি মন্দিরে পুজো দেন।

সাংবাদিকদের নীতিন নবীন বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্ব, দেশে এক নতুন ইতিহাস সৃষ্টি করেছে। এই উল্লেখ্যযোগ্য নেতৃত্বের অধীনে ২৫ কোটি মানুষকে দারিদ্র সীমার ঊর্ধ্বে তুলে আনা সম্ভব হয়েছে। গত ১২ বছরে শ্রী মোদী মহিলাদের ক্ষমতায়ন সহ সমাজের প্রতিটি ক্ষেত্রের কল্যাণে কাজ করেছেন।

রেখা গুপ্তা জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশসেবার কাজে নিজের গোটা জীবন উতসর্গ করেছেন। একদিনও ছুটি না নিয়ে তিনি কাজ চালিয়ে যাচ্ছেন। ভারতের সম্মান, মর্যাদা এবং আত্মগরিমা বাড়িয়ে তুলতে তিনি সদা ব্যস্ত বলেও উল্লেখ করেন শ্রীমতি গুপ্তা।

---------------------

জাতীয় গণতান্ত্রিক জোট NDA সরকারের ১২ বছর পূর্তি এবং ভারতের ইতিহাসে নিরবচ্ছিন্নভাবে সবচেয়ে দীর্ঘ সময় ধরে দায়িত্ব পালনকারী নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদীর রেকর্ড গড়ার বিষয়টি উদযাপনের উদ্দেশ্যে আজ নতুনদিল্লিতে জোটের একটি বৈঠক অনুষ্ঠিত হবে।

এই বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিজেপির শীর্ষ নেতৃবৃন্দ ছাড়াও জোট সঙ্গী সব দলের প্রতিনিধিদের উপস্থিত থাকার কথা।

---------------------

কেন্দ্রে NDA সরকারের বারো বছর পূর্তিতে শুনবেন বিশেষ আলোচনা:- 'রেল ও যাত্রী স্বাচ্ছন্দ্য'। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শিবরাম মাঝির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

পশ্চিমবঙ্গ সরকার মন্ত্রীদের দপ্তর বন্টন করেছে। আজ নবান্নে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক, ভূমি ও ভূমি সংস্কার, ত্রাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ,তথ্য ও সংস্কৃতি, কর্মীবর্গ প্রশাসনিক সংস্কার দপ্তর নিজের হাতে রেখেছেন। নিশীথ প্রামাণিক কে ক্রীড়া ও যুব কল্যাণের পাশাপাশি উত্তরবঙ্গ উন্নয়ন এবং জল সম্পদ বিকাশ উন্নয়ন দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। দিলীপ ঘোষ কে পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়নের পাশাপাশি কৃষি বিপণন দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী হয়েছেন স্বপন দাশগুপ্ত।

মোট ১৯ জন পূর্ণ মন্ত্রী ছাড়াও স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীদের মধ্যে রয়েছেন মালতি রাভা রায়, রাজেশ মাহাতো এবং ডাক্তার ইন্দ্রনীল খান। একই সঙ্গে আনন্দময় বর্মন, অশোক দিন্দা, বিশাল লামা, উমেশ রাই, ভাস্কর ভট্টাচার্য, সুমনা সরকার সহ মোট ১৯ জনকে বিভিন্ন দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

--------------------

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ পদে ইস্তফা দিলেন সুস্মিতা দেব। তিনি আজ রাজ্যসভার চেয়ারম্যান, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণানের কাছে তাঁর ইস্তফা পত্র পাঠিয়ে দেন। পদত্যাগ পত্র পেশের পর সুস্মিতা বলেন, রাজনৈতিক ভবিষ্যত্ নিয়ে তিনি এখনই কিছু ভাবেন নি। তাঁকে রাজ্যসভায় পাঠানোর জন্য পশ্চিমবঙ্গের মানুষকে ধন্যবাদ জানান সুস্মিতা। এরপরই তিনি নতুন দিল্লীতে অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মার সঙ্গে সাক্ষাত্ করেন।

মেয়াদ শেষ হওয়ার চার বছর আগেই রাজ্যসভার সাংসদ পদ ছাড়লেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সন্তোষ মোহন দেবের কন্যা সুস্মিতা।

আগেই জানানো হয়েছে, বর্ষীয়ান তৃণমূল কংগ্রেস নেতা সুখেন্দু শেখর রায়ও গত সোমবার রাজ্যসভার সাংসদ এবং দলীয় সদস্য পদে ইস্তফা দেন।

উল্লেখ্য, রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের মোট ১৩ জন সাংসদ ছিলেন। দুজন ইস্তফা দেওয়ায় তা কমে দাঁড়ালো ১১-এ। রাজ্যসভায় পশ্চিমবঙ্গ থেকে বিজেপির তিন জন সাংসদ রয়েছেন।

--------------------

পশ্চিমবঙ্গের, ফলতা স্পেশাল ইকনমিক জোন বা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে এপর্যন্ত প্রায় ৮৩ হাজার কোটি টাকার রপ্তানি হয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে ফলতা বিশেষ অর্থনৈতিক অঞ্চলের জোনাল ডেভেলপমেন্ট কমিশনার দীনবন্ধু সিং জানিয়েছেন,ম্যানুফ্যাকচারিং এবং তথ্যপ্রযুক্তি উভয় ক্ষেত্রেই এই অর্থনৈতিক অঞ্চলে ব্যাপক উন্নয়ন হয়েছে। তিনি বলেন, ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রে এপর্যন্ত ৫২হাজার কোটি টাকার রপ্তানি এবং প্রায় ১৬হাজার কর্মসংস্থান হয়েছে। অন্যদিকে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ৩১হাজার কোটি টাকার রপ্তানি ও এক লক্ষের বেশি কর্মসংস্থান হয়েছে। শ্রী সিং জানান, কেন্দ্রীয় সরকারের সাতটি বিশেষ অর্থনৈতিক অঞ্চলের মধ্যে ফলতা অন্যতম।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দ্বাদশতম আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানে অংশ নিতে কলকাতায় আসছেন বলে জানিয়েছেন বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। যোগ দিবস সুষ্ঠ ও সুন্দরভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সব দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে অংশগ্রহণকারীদের সব ধরনের সুবিধা, নিরাপত্তা, শৃঙ্খলা, যাতায়াত, চিকিৎসা ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যবস্থা সুনিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছে বলে সামাজিক মাধ্যমের এক বার্তায় জানিয়েছেন তিনি।

---------------------

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন, দেশে সিএনজির কোনো ঘাটতি নেই। সরকার বাড়ি বাড়ি পাইপ বাহিত গ্যাস পৌঁছে দেওয়ার কাজ আরো বাড়িয়েছে। গ্রাহকদের এল পি জি থেকে পি এন জি-তে নিয়ে যেতে একাধিক উদ্যোগ নেওয়া হয়েছে। শ্রী পুরী জানান, কৃত্রিম ভাবে অভাব তৈরী করে এবং

ভুল তথ্য প্রচার করে সমাজের কিছু অংশ বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতিকে ব্যবহার করতে চাইছে। এ ধরণের কার্যকলাপের বিরুদ্ধে সরকার কড়া পদক্ষেপ নিচ্ছে বলেও মন্ত্রী উল্লেখ করেন।

(বাইট- পুরী)

---------------------

ইরানের রেভলিউশনারি গার্ড কোর জানিয়েছে, জর্ডনে একটি মার্কিন ঘাঁটি লক্ষ্য করে তারা হামলা চালিয়েছে। এছাড়াও হরমুজ প্রণালীতে আমেরিকার আক্রমণের জবাবে উপসাগরীয় এলাকায় ২১ টি মার্কিন ঘাঁটিতেও হামলা চালানো হয়েছে। ইরানের সরকারী সংবাদমাধ্যম জানিয়েছে, কেশম দ্বীপ এবং হরমুজ প্রনালীর সিরিক বন্দর শহরে আক্রমণ করেছে আমেরিকা।

এদিকে, জর্ডনের সশস্ত্র সেনা এই হামলার কথা স্বীকার করেছে। ইরাণ থেকে আল আজরাখের দিকে আসা ৫ টি ক্ষেপণাস্ত্র তারা গুলি করে নামিয়েছে।

---------------------

আফগানিস্তানের কুনার, খোস্ত ও পাকতিকা প্রদেশে পাক সেনার আকাশপথে চালানো হামলায় কমপক্ষে ১৩ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে অধিকাংশই শিশু। এক বিবৃতিতে তালিবানের মুখপাত্র জাবিবুল্লাহ মুজাহিদ এই হামলার নিন্দা করে বলেছেন, গত রাতে মূলত সাধারণ মানুষের বাড়ি লক্ষ্য করে আক্রমণ চালানো হয়েছে। তিনি বলেন, পাক সেনারা আবারও আফগানিস্তানের আকাশসীমা লঙ্ঘন করে আগ্রাসী আক্রমন চালিয়েছে যা মানবতার বিরুদ্ধে অপরাধের সামিল। উল্লেখ্য, গত কয়েকমাসে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে উত্তেজনাপূর্ন পরিস্থিতির

মধ্যেই এই হামলা। লাগাতার গুলি বিনিময় ও সংঘর্ষের কারণে সাধারণ নাগরিকের প্রাণহানি হচ্ছে। এই অস্থিরতার জন্য দুই দেশই একে অপরকে দোষারোপ করেছে।

--------------------

নাসা, তাদের পরবর্তী আর্টেমিস থ্রী অভিযানের জন্য তিন মার্কিন এবং এক ইতালীয় নভোশ্চরের নাম ঘোষনা করেছে। আগামী বছরের শেষ দিকে হতে চলা এই অভিযানে প্রথমবার স্পেসএক্স থেকে চাঁদে অবতরণ স্থল পরীক্ষা করে দেখা হবে। একই সঙ্গে পর্যালোচনা করা হবে ব্লু অরিজিনের কক্ষ পথও। সরাসরি চাঁদে অবতরণ না করলেও খুব অল্প দুরত্বে মহাকাশ যান থেকেই এই পরীক্ষার কাজ চালানো হবে। আর্টেমিস থ্রী-তে সওয়ার হবেন মার্কিন যুক্তরাষ্ট্রের আন্দ্রে ডগলাস, ফ্র্যাঙ্ক রুবিও এবং র‍্যাণ্ডি ব্রেসনিক। সঙ্গে থাকবেন ইউরোপীয় স্পেস এজেন্সির মহাকাশচারী লুকা পারমিতানো। নাসার বব হাইনস ব্যাক আপ সদস্য হিসেবে প্রস্তুত থাকবেন।

-------------------- --------------------